

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ সাজসজ্জা ও প্রসাধন রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অনেক মহিলার ধারনা, লম্বা নখে সৌন্দর্য আছে। সুতরাং নখ লম্বা ছেড়ে রাখায় কোন দোষ আছে কি?

লম্বা নখে সৌন্দর্য নেই। অবশ্য বিকৃত পছন্দের অনেকের নিকট তা থাকতে পারে। কিন্তু শরীয়তে নখ লম্বা করার অনুমতি নেই। বরং মানুষের প্রকৃতি তা লম্বা রাখার বিরোধী। তাই চল্লিশ দিনের মাথায় তা কেটে ফেলতেই হবে। মহানবী ্শু বিলেছেন, "প্রকৃতিগত আচরণ পাঁচটি অথবা পাঁচটি কাজ প্রকৃতিগত আচরণ,

- (১) খাতনা (লিঙ্গত্বক ছেদন) করা।
- (২) লজ্জাস্থনের লোম কেটে পরিষ্কার করা।
- (৩) নখ কাটা।
- (৪) বগলের লোম ছিঁড়া।
- (৫) গোঁফ ছেঁটে ফেলা।" (বুখারী ও মুসলিম)

আনাস (রাঃ) বলেন, 'মোছ ছাঁটা', নখ কাটা, নাভির নিচের লোম চাঁছা এবং বগলের লোম তুলে ফেলার ব্যপারে আমাদেরকে সময় বেঁধে দেওয়া হয়েছে, যাতে আমরা সে সব চল্লিশ দিনের বেশী ছেড়ে না রাখি। (মুসলিম ২৫৮ নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1467

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন